



# হামদর্দ পাবলিক কলেজ

(কলেজ কোড: ১১৭০; EINN: 134209)  
হামদর্দ ভবন: ৯৯ বীরউত্তম সি.আর.দত্ত সড়ক, কলাবাগান, ঢাকা-১২০৫  
[www.hamdardpubliccollege.edu.bd](http://www.hamdardpubliccollege.edu.bd)

## কলেজের শৃঙ্খলা পালনের অঙ্গীকার

- ০১। ক্লাসে নিয়মিত উপস্থিত থাকতে হবে। প্রতিদিনের অনুপস্থিতির জন্য ৫০ টাকা করে জরিমানা দিতে হবে। পরপর ০৩ দিন অনুপস্থিত থাকলে রেজিস্ট্রি খাতা থেকে নাম কাটা যাবে। অভিভাবকের আবেদনের প্রেক্ষিতে কলেজ ডিসিপ্লিন কমিটির সিদ্ধান্তের আলোকে ১০০০ টাকা জরিমানা প্রদান সাপেক্ষে পুনরায় রেজিস্ট্রি খাতায় নাম অন্তর্ভুক্ত করা যাবে। এই প্রক্রিয়া একজন শিক্ষার্থীর কলেজ শিক্ষা জীবনে সর্বাধিক ০৩ (তিন) বার বিবেচনা করা যেতে পারে। তবে ডিসিপ্লিন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ০২। কলেজের শিক্ষার্থীর সাথে প্রেম-ভালোবাসা সংক্রান্ত কোন ঘটনার প্রমাণ পাওয়া গেলে তাৎক্ষণিক বহিষ্কার করা হবে।
- ০৩। কোন শিক্ষার্থীর সাথে ঝগড়া বা মারামারিতে জড়ালে তাৎক্ষণিকভাবে কলেজ থেকে বহিষ্কার করা হবে।
- ০৪। কলেজ ক্যাম্পাস এবং ক্লাসে মোবাইল ফোন ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ। কোন শিক্ষার্থীর নিকট মোবাইল ফোন পাওয়া গেলে তাৎক্ষণিক উহা ধ্বংস করা হবে।
- ০৫। কলেজে কোন বন্ধু-বান্ধব আনা যাবে না। বন্ধু-বান্ধব আনলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৬। অভ্যন্তরীণ সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক। অসুস্থতার কারণে পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে যথাযথ প্রমাণপত্র উপস্থাপন করতে হবে এবং সুস্থ হলে নতুন প্রশ্নে পরীক্ষা দিয়েই পরবর্তী শিক্ষা কার্যক্রমের জন্য অনুমোদন পাবে। বর্ষ সমাপনী এবং প্রাক-নির্বাচনি ও নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ করে পাশ করা সাপেক্ষে দ্বিতীয় বর্ষে উত্তীর্ণ এবং বোর্ড ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনভাবেই এর ব্যত্যয় ঘটবে না।
- ০৭। শিক্ষার্থীদেরকে সকাল ৮.১৫ এর মধ্যে কলেজে প্রবেশ করতে হবে। ৮.১৫ টায় কলেজের মূল ফটক বন্ধ হয়ে যাবে। পরদিন অভিভাবকসহ কলেজে উপস্থিত হতে হবে। ইউনিফর্ম ছাড়া কলেজে প্রবেশ করতে পারবে না।
- ০৮। বড় চুল-চিপ নিয়ে কলেজে প্রবেশ করতে পারবে না। চুলের কাটিং হবে আর্মি কাটিং।
- ০৯। হাতে ব্রেসলেট, ছেলেরা কানে দুলা এবং কেউ চুলে কালার করে কলেজে প্রবেশ করতে পারবে না।
- ১০। কাগজের টুকরা, খাবারের উচ্ছিষ্ট, প্যাকেট ইত্যাদি নির্দিষ্ট বিনে ফেলতে হবে।
- ১১। কলেজের দেয়ালে, গ্লাসে এবং বেঞ্চে কোন রকম লেখা যাবে না। কোন লেখা পাওয়া গেলে তাৎক্ষণিক জরিমানা করা হবে।
- ১২। কলেজে কোনো শিক্ষার্থীর জন্মদিন পালন করা যাবে না।
- ১৩। অনাবাসিক শিক্ষার্থীদের বিনা অনুমতিতে হোস্টেলে প্রবেশ নিষেধ।

১৪। কলেজের বেতন এবং হোস্টেল চার্জ চলতি মাসের ১০ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে পরিশোধ করতে ব্যর্থ হলে পরবর্তী মাসে ১০০/- টাকা জরিমানা প্রদান সাপেক্ষে পরবর্তী মাসের বেতনের সাথে প্রদান করতে হবে।

১৫। কলেজের চতুর্থ শ্রেণি কর্মচারীদের মামা, আয়া-বোয়াদের খালা বলে সম্বোধন করতে হবে। কারো সাথে দুর্ব্যবহার করা যাবে না।

১৬। জাতীয় সংগীত বেজে উঠার সাথে সাথে যে যেখানে থাকবে তাকে সেখানে দাঁড়িয়ে জাতীয় সংগীত তথা জাতীয় পতাকা এবং দেশের প্রতি সম্মান প্রদর্শন করতে হবে। হাটা-চলা বা বসে থাকা যাবে না।

১৭। কলেজের শৃঙ্খলা পরিপন্থী কোন কাজে অংশ নেয়া যাবে না। এ ধরনের কাজে অংশগ্রহণের প্রমাণ পাওয়া গেলে কলেজ থেকে বহিষ্কার করা হবে।

উপরের শৃঙ্খলা সম্পর্কিত বিধি-বিধানসমূহ আমি পড়েছি এবং বিধি-বিধানসমূহ যথাযথভাবে পালন করব। শৃঙ্খলা ভঙ্গজনিত কারণে কলেজ কর্তৃপক্ষ যে সিদ্ধান্ত গ্রহণ করবে তা পালনে আমি বাধ্য থাকব।

শিক্ষার্থীর নাম : -----

পিতার নাম: -----

মাতার নাম: -----

রোল নং: ----- বিভাগ: -----

উপাধ্যক্ষ

হামদর্দ পাবলিক কলেজ, ঢাকা।

আহ্বায়ক

শৃঙ্খলা কমিটি

হামদর্দ পাবলিক কলেজ, ঢাকা।

অধ্যক্ষ

হামদর্দ পাবলিক কলেজ, ঢাকা।